

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার নং: ০৪

১০ জ্যৈষ্ঠ, ১৪৩০

তারিখ: -----

২৪ মে, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

কোম্পানী (দ্বিতীয় সংশোধন) আইন, ২০২০ অনুযায়ী সীমিতদায় পাবলিক কোম্পানী সনাক্তকরণ প্রসংগে।

কোম্পানী (দ্বিতীয় সংশোধন) আইন, ২০২০ এর মাধ্যমে কোম্পানী আইন ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮নং আইন)- এ সীমিতদায় কোম্পানী সনাক্তকরণ (Indication of Limited Company) সংক্রান্ত নতুন ধারা ১১ক সন্নিবেশ করা হয়েছে। সন্নিবেশিত ধারার (ক) উপ-ধারাতে সীমিতদায় পাবলিক কোম্পানীর ক্ষেত্রে উহার নামের শেষে “পাবলিক সীমিতদায় কোম্পানী” বা “PLC.” শব্দসমূহ লিখিত হইবে মর্মে বিধান রাখা হয়েছে।

০২। উল্লিখিত বিধান পরিপালনার্থে আর্থিক প্রতিষ্ঠানসমূহের নামের শেষে “পাবলিক সীমিতদায় কোম্পানী” বা “PLC.” অন্তর্ভুক্ত করতে হবে। এতদ কার্যার্থে সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানের সংঘ-স্মারক ও সংঘ-বিধি পরিবর্তনের আবশ্যিকতা রয়েছে। আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ এর ৪৬ ধারা এবং এ বিভাগের ২০/১১/১৯৯৭ তারিখের এফআইডি সার্কুলার নং-০৬ মোতাবেক আর্থিক প্রতিষ্ঠানসমূহের সংঘ-স্মারক ও সংঘ-বিধি পরিবর্তনের পূর্বে বাংলাদেশ ব্যাংকের অনাপত্তি গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে।

০৩। এতদপ্রেক্ষিতে, কোম্পানী (দ্বিতীয় সংশোধন) আইন, ২০২০ এর সন্নিবেশিত বিধান মোতাবেক আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিদ্যমান নামের শেষে সীমিত দায় বা লিঃ শব্দের পরিবর্তে “পাবলিক সীমিতদায় কোম্পানী” বা “PLC.” সংযোজন এবং সংঘ-স্মারক ও সংঘ-বিধি’র পরিবর্তন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ কার্যাদি সম্পাদন করার নিমিত্তে সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানসমূহকে প্রাধিকার প্রদান করা হলো। ফলে, এতদ্বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ এর ৪৬ ধারা এবং এ বিভাগের ২০/১১/১৯৯৭ তারিখের এফআইডি সার্কুলার নং-০৬ এর আওতায় বাংলাদেশ ব্যাংক বরাবরে পৃথকভাবে আবেদন দাখিলের প্রয়োজন নেই।

০৪। তবে, সংঘ-স্মারক ও সংঘ-বিধিতে প্রয়োজনীয় পরিবর্তন ও সংশোধনের পর পরিবর্তিত নামে গেজেট প্রকাশের নিমিত্তে আর্থিক প্রতিষ্ঠানসমূহকে পরিবর্তিত ও রেজিস্ট্রিকৃত সংঘ-স্মারক, সংঘ-বিধি’র সার্টিফাইড কপি এবং আরজেএসসি কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রসহ এ বিভাগে আবেদন করতে হবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারার প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আমির উদ্দিন)

পরিচালক (ডিএফআইএম)

ফোন- ৯৫৩০১৭৮।